২৪. হে ঈশ্বর, আমরা প্রার্থনা করি সেনেগলের যে সমস্ত মহিলারা আশাময়ী নারীর অনুষ্ঠানগুলি শোনেন তাঁদের বিশ্বাস যেন আরও দৃঢ় হয়। তাঁরা যেন সুশৃঙ্খল হন এবং বিশ্বাসী সম্প্রদায়ের অন্তর্গত হন। (যিশাইয় ১২:২)

২৫. স্বর্গীয় পিতা, বেনীনের শাসকদের অন্তরে কথা বলুন। এই নেতৃবর্গের কাছে তাঁদের পরামর্শদাতা এবং মধ্যস্তকারী রূপে ধার্মিক মানুষদের প্রেরণ করুন। (হিতোপদেশ ১২:১৫)

২৬. হে প্রভু, আরও অনুবাদ ও প্রার্থনা-পঞ্জিকার কর্মসূচির জন্য নাইজেরিয়াতে আমাদের দল যেন দেশের ভিতর থেকেই বেশি করে আর্থিক সাহায্য পেতে পারেন, এই বিষয়ে নিবেদন করি। (২ করিন্থীয় ৯:৮)

২৭. স্বর্গীয় পিতা, বিনয় করি যেন গাবনের যে সমস্ত মানুষ আত্মিক, দৈহিক, আর্থিক, অথবা মানসিক দারিদ্রের মধ্যে আছেন তাঁদের সমস্ত প্রয়োজন আপনি পূরণ করুন। (গীতসংহিতা ১১৩:৭)

২৮. আপনি মিলনের ঈশ্বর। কোৎ দি-ওঁয়া'র যে সমস্ত স্বামীরা তাঁদের স্ত্রীদের ছেড়ে চলে গেছেন তাঁরা যেন তাঁদের ঘরে ফিরে আসেন এবং তাঁদের স্ত্রীদের সাথে পুনর্মিলিত হন, এই প্রার্থনা করি। (মালাখি ২:১৪-১৬)

২৯. স্বর্গীয় পিতা, লাইবীরিয়ার যুবক-যুবতীদের সাহায্য করুন যেন তারা উপলব্ধি করে যে তাদের দেহ হচ্ছে পবিত্র আত্মার মন্দির আর তারা যেন মাদকদ্রব্য গ্রহণ ও মদ্যপান থেকে বিরত থাকে। (১ করিন্থীয় ৬:১৯-২০)

৩০. বেনীনের বহু অংশে অনেক মানুষ প্রাচীন অভ্যাস ও প্রতিমাপূজাকে এখনো অবলম্বন করে রেখেছে আর যার জন্য তাদের মধ্যে ঈশ্বরের সত্যের কোনো শক্তিশালী উপস্থিতি লক্ষ্য করা যায় না। হে ঈশ্বর, মন্ডলীকে জাগ্রত করুন যেন প্রেমের বাণী সেখানে নিয়ে আসা যায়। (২ তীমথিয় ৪:৫)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থন

১। বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয় সীমার নিচে বসবাস করছে, এবং দিনদিন শিক্ষিত মহিলা বেকারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সকল স্তরের মানুষ দারিদ্র্যতার হাত থেকে বাঁচতে পারে, এবং মেয়েদের কর্মসংস্থান বৃদ্ধি পায়।

২। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৩। এই সময়ে বাংলাদেশে অনেক মানুষ ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে অনেকে মারা যাচ্ছে, প্রার্থনা করবেন যেন বাংলাদেশের মানুষ এই সময় যেন ঈশ্বরের উপর নির্ভর করে এবং এই জ্বর থেকে রক্ষা পায়।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

# Women of Hope

Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2023. 11.**

## পশ্চিম ও মধ্য আফ্রিকার জন্য প্রার্থনা1

২০১৮ সালে আবিয়া রাজ্যে শুরু হওয়ার পর থেকে, নাইজেরিয়ায় টিডবলুআর উইম্যান অফ হোপের সেবাকাজ শুধুমাত্র সম্প্রচার ও প্রার্থনা ক্যালেন্ডারই বিতরণ করে না, বরং চারপাশের সম্প্রদায়েরও সেবা করে। এর মধ্যে রয়েছে এমন মহিলাদের জন্য বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদান করা যারা নিজেরা এটি বহন করতে অক্ষম এবং মহিলাদের সাবান তৈরী করা এবং গৃহস্থালির জিনিসপত্র তৈরি করতে প্রশিক্ষণ দেওয়া হয় যাতে তারা নিজের এবং তাদের পরিবারের জন্য সরবরাহ করতে পারে।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১. পবিত্র ঈশ্বর, আমরা প্রার্থনা করি যে লাইবেরিয়ার শয়তানের যজ্ঞবেদী, দুর্গ, এবং বিজাতীয় দেবদের ধ্বংস করতে আপনি আপনার শক্তি প্রকাশ করেন। (বিচারকতৃগণের বিবরণ ৬:২৫)

২. স্বর্গীয় পিতা, কোৎ দি-ওঁয়া'র সেই সমস্ত সন্তানহীন নারীদের স্মরণ করুন, যাঁরা শিশু-সন্তান উপহার পাওয়ার অপেক্ষা করে আছেন। (গীতসংহিতা ১১৩:৯)

৩. স্বর্গীয় পিতা, গাবনের নেতাদের জ্ঞান প্রদান করুন, যাতে তাঁরা তাঁদের অর্থনীতির উন্নতি করতে এবং কাজের সুযোগ সৃষ্টি করতে পারেন, যাতে লোকেরা তাদের পরিবারের যত্ন নিতে পারে। (হিতোপদেশ ২:৬)

৪. হে প্রভু, নাইজেরিয়ার যে সমস্ত মানুষেরা আপনার সুসমাচার শুনতে আগ্রহী, তাঁদের জন্য যেন রেডিও বন্টন করা হয়, এবং তাঁরা যেন একসাথে শুনতে, অন্যদের আমন্ত্রণ জানাতে পারেন, এমনকি তাঁদের দোকানেও যেন সেগুলো বাজাতেও পারেন যাতে ক্রেতারা শুনতে পারেন। (রোমীয় ১:১৬)

৫. হে ঈশ্বর, সেনেগালের বিবাহিত জীবন ও পরিবারগুলোকে গার্হস্থ্য অত্যাচার থেকে রক্ষা করুন। (যিরমিয় ১৫:২১)

৬. হে প্রভু, আমরা আপনার প্রশংসা করি, বেনীনে স্থানীয় গীর্জা এবং বেনীনের ইভজেলিক্যাল মিডিয়ার সহযোগিতায় টি. ডব্লু. আর. এর আশাময়ী নারী দলগুলি ও মধ্যস্থতাকারী দলগুলি গঠন করার জন্য। (ফিলিপীয় ১:৫)

৭. হে ঈশ্বর, মালিতে আমাদের দলকে প্রজ্ঞা দান করুন, যখন তাঁদের সামাজিক সভাগুলিতে, যেগুলি প্রায়ই এমন লোকদের দিয়ে শুরু হয় যাঁরা আশাময়ী নারী অনুষ্ঠান শুনেছেন, সেখানে সাহায্য করতে এবং অংশগ্রহণ করতে নিমন্ত্রিত হয়েছেন। (২ তীমথিয় ২:২)

৮. হে প্রভু, নাইজেরিয়া, চাদ, ক্যামেরুন ও নাইজার শরণার্থী সঙ্কটের সঠিক সমাধান বার করুন। অনেক পরিবার তাদের দৈনন্দিন খাদ্য পাচ্ছে না। (মথি ২৫:৩৫)

৯. যদিও মধ্য আফ্রিকা প্রজাতন্ত্র দেশটি হীরা, সোনা, তেল ও ইউরেনিয়াম সমৃদ্ধ, তবু এই দেশের মানুষেরা অত্যন্ত দরিদ্র। ঈশ্বর, এই দেশের নাগরিকদের এই সম্পদগুলি থেকে উপকৃত হতে সাহায্য করুন। (গীতসংহিতা ২২:২৬)

১০. হে প্রভু, সিয়েরা লিয়নে সাংস্কৃতিক পরিবর্তন করুন এবং স্ত্রী যৌনাঙ্গের বিকৃতি থেকে মেয়েদের রক্ষা করুন। এই দেশের ১৫ থেকে ৪৯ বয়স্ক মহিলাদের ৯০% মহিলারাই ক্ষতিকারক ত্বকচ্ছেদের অভিজ্ঞতা পেয়ে থাকেন। (গীতসংহিতা ১০৭:৬)

১১. হে ঈশ্বর, নাইজেরীয় মহিলাদের আরও প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করুন, যাতে তাঁরা বাড়িতে জিনিস, যেমন সাবান, তৈরী করতে পারেন যাতে তাঁরা তাঁদের পরিবারকে সাহায্য করতে পারেন। (হিতোপদেশ ১৪:২৩)

১২. স্বর্গীয় পিতা, গাবনের সেই সমস্ত খ্রীষ্টবিশ্বাসীদের জন্য প্রার্থনা করি, আপনার প্রতি বিশ্বাসের জন্য যাঁরা তাঁদের পরিবারের দ্বারা নির্যাতিত হচ্ছেন। তাঁদের, আপনার পক্ষে দাঁড়াবার জন্য সাহস দিন। (১ পিতর ৪:১৬)

১৩. হে ঈশ্বর, কোৎ দি-ওঁয়া'র মহিলারা যেন আপনাকে প্রভু রূপে আরও গভীর ভাবে জানতে পারেন এবং একমাত্র আপনার মধ্যেই তাঁদের পরিত্রাণের আনন্দ পেতে পারেন। (১ পিতর ১:৮)

১৪. আমরা আপনার ধন্যবাদ করি, প্রভু, যে লাইবীরিয়ার মহিলারা তাঁদের ধার্মিক জীবনসঙ্গী পাওয়ার জন্য আপনার উপরে নির্ভর করছেন আর অন্যরা যাঁরা সহবাস করছিলেন তাঁরা এখন বিবাহ করছেন। (গীতসংহিতা ৩৭:৪)

১৫. হে ঈশ্বর, সেনেগলে আমাদের নেতৃবর্গকে কৌশল ও সৃজনশীলতা প্রদান করুন যেন আপনার গৌরবের কাজে টি.ডব্লু. আর. এর আশাময়ী নারী সেবাকার্য্য আরও বৃদ্ধি পেতে ও সমৃদ্ধ হয়ে উঠতে সক্ষম হয়। (প্রেরিত ২:৪৭)

১৬. হে প্রভু, বেনীনে ভদৌ প্রথার অবসান ঘটান। এই অভ্যাসের অনুসরণকারীরা যেন এই প্রথা পরিত্যাগ করেন এবং যীশুর সাথে সুসম্পর্কের দ্বারা নিজেদের পরিবর্তন করতে সক্ষম হন। (প্রেরিত ৩:১৯)

১৭. ঈশ্বরের ধন্যবাদ করি যে মালিতে আমাদের দল স্থানীয় মণ্ডলীগুলি ও মহিলাদের ক্যাম্পের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়ার কাজে জড়িত আছেন। বিশ্বাসীরা যেন নিয়মিত ভাবে যীশুতে তাঁদের বিশ্বাস ও প্রত্যাশা সবার সঙ্গে ভাগ করে নিতে পারেন। (১ পিতর ৩:১৫)

১৮. স্বর্গীয় পিতা, ক্যামেরুনে সমস্ত অপহরণ ও হত্যার অবসান ঘটান। আপনার উপস্থিতি যেন সেই দেশে শান্তি ও জীবন নিয়ে আসে। ( দ্বিতীয় বিবরণ ৩১:৬)

১৯. হে প্রভু, গণতান্ত্রিক প্রজাতন্ত্র কঙ্গোর সরকারের মনে ন্যায়পরায়ণতা ও গৃহযুদ্ধে শান্তি নিয়ে আসুন। সেই দেশের জনগণ যেন আপনাতে স্থিরতা ও বিশ্রাম পেতে সক্ষম হয়। (গীতসংহিতা ২৯:১১)

২০. হে স্বর্গীয় পিতা, নাইজেরিয়ার টি.ডব্লু. আর. এর আশাময়ী নারীর দলকে ব্যবহার করুন, যাঁদের বাসস্থান ধ্বংস হয়ে গেছে আর বিদ্রোহের দরুন পরিবারের অনেকে নিহত হয়েছেন, তাঁরা যেন সেই সমস্ত মহিলাদের সেবা করতে পারেন। (২ করিন্থীয় ১:৩-৪)

২১. হে ঈশ্বর, আপনার কাছে প্রার্থনা করি আপনি দয়া করে গাবনের সমস্ত পীড়িত মানুষদের সুস্থ করুন। সেখানকার টি.ডব্লু. আর. এর আশাময়ী নারীর দলকে সুস্থ জীবন দিয়ে আশীর্বাদ দান করুন যেন তাঁরা তাঁদের কাজে এগিয়ে যেতে পারেন। (যিরমিয় ১৭:১৪)

২২. স্বর্গীয় পিতা, প্রার্থনা করি, কোৎ দি-ওঁয়া'র বিধবা ও তাঁদের সন্তানরা যেন তাঁদের ন্যায্য উত্তরাধিকার ফিরে পান। (গীতসংহিতা ৬৮:৫)

২৩. স্বর্গীয় পিতা, আমরা আপনার প্রশংসা করি যে লাইবীরিয়ার অনেক মহিলারা এখন আপনার বাক্য পাঠ করছেন, আপনার সাথে সময় কাটাচ্ছেন এবং তাঁদের পরিবারের সদস্যদের সঙ্গে বাক্য আলোচনা করছেন। (গীতসংহিতা ১১৯:১০৫)